

মনোহরদীর সেই শিক্ষা কর্মকর্তার অনিয়মের তদন্তে কমিটি গঠন অসুস্থ শিক্ষক নেতার মৃত্যু

নিজের প্রতিবেদক, নরসিংদী ▶

নরসিংদীর মনোহরদী উপজেলার সুন্য বিদ্যালী শিক্ষা কর্মকর্তা আতাউর রহমানের অনিয়মের তদন্তে কমিটি গঠন করেছে শিক্ষা অধিদপ্তর। প্রতারিত শিক্ষকদের আবেদনের পরিপ্রেক্ষিতে গত বুধবার তাঁকে এমতের পাশাপাশি এ কমিটি গঠন করা হয়।

এ বাণ্যারে শিক্ষা অধিদপ্তরের পরিচালক (পশ্চিম আন্ডারপারশন) জারুল আলিম বলেন, অনিয়মের অভিযোগে শিক্ষা কর্মকর্তা আতাউর রহমানকে তাঁর কর্মস্থল থেকে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে সংযুক্ত করা হয়েছে। একই সঙ্গে তাঁর বিরুদ্ধে আনা অভিযোগ তদন্তে অধিদপ্তর থেকে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি অনিয়মের পাশাপাশি এ নিয়ে গত সোমবার দুই অনাকাঙ্ক্ষিত ঘটনারও তদন্ত করবে। অভিযোগ প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।

এদিকে শিক্ষা কর্মকর্তা আতাউরের অনিয়মের বিরুদ্ধে প্রতিবাদ করার সময় ব্রেন স্ট্রোক করেন উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষক সমিতির সাংগঠনিক সম্পাদক হাবিবুর রহমান গোস্বামী (৪০)। গতকাল বুধবার দুপুর ১টার দিকে ঢাকার ইসদামী ব্যাংক হাসপাতালে তাঁর মৃত্যু হয়েছে।

এ বাণ্যারে মনোহরদী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রোহমানা আফরোজ বলেন, অন্যায়ের প্রতিবাদ করতে গিয়ে ব্রেন স্ট্রোক করে শিক্ষক নেতা গোস্বামীর মৃত্যু হয়েছে।